গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
**[কর অব্যাহতি শাখা]**
রাজস্ব ভবন, প্লট-এফ ১/এ, আগারগাঁও
শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭।

নথি নং-০৮.০১.০০০০.০৩৪.০১.৫৯৫.২২- ২২৯ | তারিখঃ ০৯/০৭/২০২৬ খ্রিঃ।

<u>সনদপত্র নং-২২০</u>

**বিষয়ঃ আয়কর আইন, ২০২৩ এর ধারা ৯০ ও উৎসে কর বিধিমালা, ২০২৬ এর বিধি ৪ এর উপবিধি ২ অনুযায়ী আয়কর কর্তন ব্যতিরেকে বিল পরিশোধের সনদপত্র।**

জাতীয় রাজস্ব বোর্ড এ মর্মে সনদপত্র প্রদান করছে যে, আয়কর আইন, ২০২৩ এর ধারা ৯০ ও উৎসে কর বিধিমালা, ২০২৬ এর বিধি ৪ এর উপবিধি ২ মোতাবেক অর্থ পরিশোধের দায়িত্বে নিয়োজিত কর্তৃপক্ষ কর্তৃক Syntech Solution Ltd. [ইটিআইএন-৮১৮৯৩৬১৫৩৩৩২-/সাঃ-৩১১(কোম্পানীজ), কর অঞ্চল-১৫, ঢাকা], কে আয়কর আইন, ২০২৩ এর ৬ষ্ঠ তফশিল পার্ট-১, প্যারা-২১ অনুযায়ি নিম্নবর্ণিত ব্যবসা হতে অর্জিত আয়ের উপর আয়কর বাবদ কোন অর্থ কর্তন করবেন না।

**ক্রমিক নং-**(ছ) মোবাইল অ্যাপ্লিকেশন ডেভেলপমেন্ট সার্ভিস (mobile application development service);
(জ) সফটওয়ার ডেভেলপমেন্ট ও কাস্টমাইজেশন (software development and customization);
(ঞ) ওয়েব লিস্টিং, ওয়েবসাইট ডেভেলপমেন্ট ও সার্ভিস (web listing, website development and service);

০২। তবে, উপরিউক্ত ব্যবসা বহির্ভূত আমদানীকৃত সফট্ওয়্যার সরবরাহ অথবা ক্রয়-বিক্রয় এবং কম্পিউটার হার্ডওয়্যার, প্রিন্টার, প্রিন্টার ও আনুষাংগিক যন্ত্রাংশ সরবরাহ অথবা ক্রয়-বিক্রয়, ব্যাংক সুদ, অন্য কোন সেবা প্রদান, ৬ষ্ঠ তফশিল পার্ট-১, প্যারা-২১ বহির্ভূত সেবা বা ব্যবসার কোন বিল প্রাপ্তি এবং অন্যান্য ব্যবসার ক্ষেত্রে প্রযোজ্য নয়।

০৩। আয়কর আইন, ২০২৩ এর ধারা ৭৬(৫) এর শর্তাবলী অবশ্যই পরিপালন করতে হবে।

০৪। আয়কর আইন, এর ৬ষ্ঠ তফশিল পার্ট-১, প্যারা-২১ মোতাবেক ইস্যুকৃত এ সনদপত্রের মেয়াদ ০১/০৭/২০২৬ (এক জুলাই, দুই হাজার ছাব্বিশ) হতে ৩০/০৬/২০২৭ (ত্রিশ জুন, দুই হাজার সাতাশ) খ্রিঃ তারিখ পর্যন্ত বলবৎ থাকবে। তবে শর্ত থাকে যে, ০১লা, জুলাই ২০২৬ তারিখ হইতে উক্ত ব্যবসায়ের সকল আয় শতভাগ ব্যাংক ট্রান্সফার এর মাধ্যমে সম্পন্ন করিতে হইবে।

০৫। উল্লেখ্য, জাতীয় রাজস্ব বোর্ড কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন সময় এ আদেশ বাতিল করতে পারবে।

(তৌহিদুর রহমান)
দ্বিতীয় সচিব (কর অব্যাহতি)

প্রাপকঃ

Managing Director,
Syntech Solution Ltd
H-45, R-20, Mohakhali DOHS, Dhaka-1206.

নথি নং-০৮.০১.০০০০.০৩৪.০১.৫৯৫.২২- | তারিখঃ ০৯/০৭/২০২৬ খ্রিঃ।

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরিত হলোঃ

১। কর কমিশনার, কর অঞ্চল-১৫, ঢাকা।

(তৌহিদুর রহমান)
দ্বিতীয় সচিব (কর অব্যাহতি)

D:\Exemption\16\Syntech Solution Ltd..doc